## চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

### জেলা-চুয়াডাঙ্গা

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা-৭২০০, ফোন: ০২৪৭৭৭৮৭৮৮১
Web: www.chuadangapourashava.org
E-mail: chuadangapourasava@lgd.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
**দেশের চাবি**
**আপনার হাতে**

স্মারক নং-চুয়াঃ পৌঃ/হাঃবাঃই/৭-৭/২০২৬/৭৩ তারিখ: ২৬/০১/২০২৬খ্রিঃ।

### "বাংলা ১৪৩৩ সনের জন্য চুয়াডাঙ্গা পৌরসভার হাট বাজার ও আন্তঃজেলা বাস টার্মিনাল ইজারা বিজ্ঞপ্তি"

### বিজ্ঞপ্তি নং-০১/২০২৫-২০২৬

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, চুয়াডাঙ্গা পৌরসভার নিম্নবর্ণিত হাটবাজার সমুহ আগামী বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হইতে ৩০শে চৈত্র পর্যন্ত ১ (এক) বছর মেয়াদে ইজারা বন্দোবস্ত দেওয়ার নিমিত্তে নিম্নবর্ণিত তারিখ নির্ধারনপূর্বক প্রকৃত দরদাতাগণের নিকট হইতে পৌরসভার নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাইতেছে। দরপত্র সিডিউল দরপত্র দাখিলের পূর্বদিন অফিস চলাকালীন সময় পর্যন্ত ১। চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়, ২। জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা। ৩। চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ৪। উপজেলা ভূমি অফিস, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা এর কার্যালয়, ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, চুয়াডাঙ্গা সদর থানা, চুয়াডাঙ্গা হইতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাইবে। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে বেলা ১০-০০ ঘটিকা হতে ১.০০ ঘটিকা পর্যন্ত ১। চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়, ২। চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়, ৩ । চুয়াডাঙ্গা পুলিশ সুপারের কার্যালয়, ৪। চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ৫। চুয়াডাঙ্গা উপজেলা সদর সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় এঁর অফিস কক্ষে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করা যাইবে এবং ঐদিন বেলা-৩.০০ ঘটিকায় দরপত্র দাতাগনের (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে নিম্নস্বাক্ষরকারীর অফিসে দরপত্র বাক্স খোলা হইবে। কাঙ্খিত সরকারি মূল্য অপেক্ষা দাখিলকৃত দর কম হইলে উক্ত দরপত্র গৃহীত হইবে না এবং দাখিলকৃত জামানত ফেরৎ দেওয়া হইবে। ১ম বার দরপত্র দাখিলে উপর্যুক্ত দর যদি পাওয়া না যায় তাহা হইলে অত্র বিজ্ঞপ্তির ২য় বার নির্ধারিত তারিখ কার্যকর হইবে। ২য় বার দরপত্র দাখিলের উপর্যুক্ত দর পাওয়া না যায় তাহা হইলে ৩য় বার নির্ধারিত তারিখ কার্যকর হইবে। প্রতি বারেই দরপত্র সিডিউল ক্রয় করিতে হইবে। এ বিষয়ে কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে এবং হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হইবে। বিস্তারিত তথ্য অফিস চলাকালীন অত্র পৌরসভা কার্যালয় হইতে সংগ্রহ করা যাইবে।

### দরপত্র দাখিলের তারিখ সমুহ নিম্নরুপ :

| ক্রঃ নং | হাটবাজারের নাম | দরপত্র দাখিলের তারিখ (১ম বার) | দরপত্র দাখিলের তারিখ (২য় বার) | দরপত্র দাখিলের তারিখ (৩য় বার) | সরকারি মূল্য বিগত ৩ (তিন) বছরের গড়মূল্য | সিডিউলের মূল্য . |
|---|---|---|---|---|---|---|
| ১ | চুয়াডাঙ্গা বড় বাজার হাট সাইকেল ষ্ট্যান্ড সহ (সরকার কর্তৃক হস্তান্তরিত) | ২৩/০২/২০২৬ | ০৯/০৩/২০২৬ | ১৬/০৩/২০২৬ | ২১,৯২.০০০/- | ৫,০০০/- |
| ২ | চুয়াডাঙ্গা রেল বাজার হাট | ২৩/০২/২০২৬ | ০৯/০৩/২০২৬ | ১৬/০৩/২০২৬ | ৯৮,৮৬৭/- | ৫০০/- |
| ৩ | চুয়াডাঙ্গা কেদারগঞ্জ বাজার | ২৩/০২/২০২৬ | ০৯/০৩/২০২৬ | ১৬/০৩/২০২৬ | ৭৯,৯৫২/ | ৫০০/- |
| ৪ | চুয়াডাঙ্গা পৌর সলির হাট | ২৩/০২/২০২৬ | ০৯/০৩/২০২৬ | ১৬/০৩/২০২৬ | ১৪,৭৪৩/- | ৫০০/- |
| ৫ | চুয়াডাঙ্গা আন্তঃজেলা বাস টার্মিনাল | ২৩/০২/২০২৬ | ০৯/০৩/২০২৬ | ১৬/০৩/২০২৬ | ৮,০৪,৩৩৩/- | ২,৪০০/- |

### 'ইজারার শর্তাবলী'

১। বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালে জন্য হাটবাজার ইজারা দেওয়া হইবে ।

২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভার অনুকলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা- হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট-বাজার/ আন্তঃজেলা বাস টার্মিনাল নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে এবং ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখিত কোন শর্ত ভঙ্গ করলে হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫ অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হইবে। ইজারা বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হইবে।

২৬/০১/২৬

(রিফাত আরা)
প্রধান নির্বাহী কর্মকর্তা
চুয়াডাঙ্গা পৌরসভা।